

ঢাকা বিভাগের শ্রেষ্ঠ মোহনগঞ্জের দৌলতপুর মডেল প্রা. বিদ্যালয়

মোহনগঞ্জ প্রতিনিধি *
ঢাকা বিভাগের শ্রেষ্ঠ প্রাথমিক
বিদ্যালয় হিসেবে নেত্রকোনার
মোহনগঞ্জ উপজেলার দৌলতপুর
মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়কে
নির্বাচিত করা হয়েছে। গতকাল
বৃহস্পতিবার দুপুরে এ সংক্রান্ত
সরকারি চিঠি পেয়ে বিদ্যালয়ের
শিক্ষক, শিক্ষার্থীরা উৎসবে মেতে
ওঠে। তা ছাড়া সামাজিক যোগাযোগ
মাধ্যম ফেসবুকে শত শত মানুষ
স্ট্যাটাস দিয়ে অভিনন্দন জানাচ্ছে ওই
বিদ্যালয়কে।

জানা গেছে, হাওরের প্রবেশদ্বার
মোহনগঞ্জ পৌর শহরের প্রাণকেন্দ্র
থানা রোডে অবস্থিত দৌলতপুর
সরকারি প্রাথমিক বিদ্যালয়টি চলতি
বছরের মাঠে ঘোষিত প্রাথমিকের
বৃত্তির ফলাফলে অভূতপূর্ব সাফল্য
অর্জন করে। এ বিদ্যালয় থেকে
২৫টি ট্যালেন্টপুল, ২২টি
সাধারণসহ মোট ৪৭টি বৃত্তি পায়
শিক্ষার্থীরা। আর সমাপনীর ফলে ৭৮
জন এ+ পায়। এসব রেকর্ড
ফলাফলের আলোকে দৌলতপুর
মডেল সরকারি প্রাথমিক
বিদ্যালয়কে ঢাকা বিভাগের শ্রেষ্ঠ
বিদ্যালয় হিসেবে নির্বাচিত করা হয়।
প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ঢাকা
বিভাগের বিভাগীয় উপ-পরিচালক
ইন্দুভূষণ দেবের স্মারিত ২০
সেপ্টেম্বরের ওই চিঠিটি বৃহস্পতিবার
পৌছালে শিক্ষক, শিক্ষার্থী ও
অভিভাবকদের মধ্যে খুশির জোয়ার
বইছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহবুবুর
রহমান জানান, ঐক্যবদ্ধ প্রচেষ্টায় ওই
ফল অর্জন সম্ভব হয়েছে। তারা
অভিভাবক, বিশেষ করে মায়াদের
উৎসাহ ও প্রশংসা করেন।
উল্লেখ্য, বর্তমানে ওই বিদ্যালয়ে ৯৭৮
শিক্ষার্থী লেখাপড়া করছে।